



১। পরীক্ষার আবেদনপত্র:

- ক) আগ্রহী প্রার্থীগণকে <https://www.iiuc.ac.bd> ওয়েবসাইটের home page এ Apply Online -এ click করে অথবা সরাসরি <https://www.iiuc.ac.bd/home/apply-online/3> link এ প্রদত্ত ফরমে আবেদন করতে হবে।
- খ) প্রকাশিত বিজ্ঞপ্তিটি <https://www.iiuc.ac.bd/program/advertisements> link এ পাওয়া যাবে।

২। আবেদনের ন্যূনতম যোগ্যতা:

- ক) এস. এস.সি, এইচ.এস.সি ও স্নাতক পরীক্ষার প্রতিটিতে জিপিএ ২.৫০ করে মোট জিপিএ ৭.৫০; অথবা
- খ) এস.এস.সি ও এইচ.এস.সি পরীক্ষার কোন একটিতে ন্যূনতম জিপিএ ২.০০ থাকলে উভয় পরীক্ষায় মোট জিপিএ ৬.০০ থাকা সাপেক্ষে স্নাতক পর্যায়ে ন্যূনতম জিপিএ ২.০০ অথবা তৃতীয় বিভাগ, অথবা
- গ) এস.এস.সি ও এইচ.এস.সি পরীক্ষায় ন্যূনতম দ্বিতীয় বিভাগ থাকা সাপেক্ষে স্নাতক পর্যায়ে ন্যূনতম জিপিএ ২.০০ অথবা তৃতীয় বিভাগ।

৩। অনলাইনে আবেদনপত্র পূরণ করার নিয়মাবলী:

- ক) আগ্রহী প্রার্থীগণকে <https://www.iiuc.ac.bd> ওয়েবসাইটের home page এ Apply Online -এ click করে অথবা সরাসরি <https://www.iiuc.ac.bd/home/apply-online> link এ প্রদত্ত ফরমে আবেদন করতে হবে।
- খ) প্রকাশিত বিজ্ঞপ্তিটি <https://www.iiuc.ac.bd/program/advertisements> link এ পাওয়া যাবে।
- গ) আবেদনপত্রে (*) চিহ্নযুক্ত তথ্যাবলী আবশ্যিক। যথাযথভাবে আবেদনপত্রটি পূরণ করতে হবে।
- ঘ) অনলাইন আবেদনপত্রে পূরণকৃত তথ্য ভর্তি পরীক্ষাসহ পরবর্তী সকল কার্যক্রমে এবং উত্তীর্ণ প্রার্থীদের সার্টিফিকেট প্রদানের ক্ষেত্রে ব্যবহৃত হবে বিধায় অনলাইন আবেদনপত্র Submit করার পূর্বে পূরণকৃত সকল তথ্যের নির্ভুলতা সম্পর্কে প্রার্থীকে শতভাগ নিশ্চিত হতে হবে।
- ঙ) অনলাইন আবেদন পত্রে প্রার্থীকে এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান ট্রান্সক্রিপ্ট, নিজ স্বাক্ষর (width 250 × height 80) pixel এবং রঙিন ছবি (width 250 × height 300) pixel স্ক্যান করে নির্ধারিত স্থানে সন্নিবেশ (Upload) করতে হবে।
- চ) Online -এ আবেদনপত্র যথাযথভাবে পূরণ করে নির্দেশনা অনুসারে প্রার্থীর ছবি ও স্বাক্ষর Upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবি ও স্বাক্ষরসহ Application Preview দেখা যাবে। কোন ভুল থাকলে Edit এ click করে ভুল সংশোধন করত হবে। অতপর পুনরায় Submit করতে হবে।
- ছ) প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের Declaration অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, আবেদনপত্রে প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য প্রমাণিত হলে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ আবেদনপত্র বাতিল করার অধিকার সংরক্ষণ করে। যদি আবেদনকারী ভর্তির জন্য গ্রহণযোগ্য হয় তাহলে বিশ্ববিদ্যালয়ের সকল নিয়ম ও প্রবিধান মেনে চলার এবং যথাসময়ে সকল ফি এবং চার্জ প্রদান করার অঙ্গীকার হিসেবে Declaration অংশে চেক বক্সে click করে রাইট চিহ্ন দিতে হবে।

৪। আবেদন ফিস প্রদানের মাধ্যম: ১। bKash ২। আইআইইউসি একাউন্টস সেকশনে নগদ প্রদান

- bKash:** যেকোন মোবাইল নম্বর থেকে বিকাশের মাধ্যমে ০১৯৭৩২০৯০৩০ (Merchant No.) নম্বরে ১০০০ টাকা পে করুন এবং Transaction নম্বরটি সংরক্ষণ করুন। এজন্য প্রথমে *247# ডায়াল করুন, অতপর Payment অপশন বাছাই করুন, অতপর ০১৯৭৩২০৯০৩০ নম্বরটি ইনপুট করুন, অতপর টাকার পরিমাণ ১০০০ ইনপুট করুন, অতপর কাউন্টার নম্বরে ১ ইনপুট করুন। রেফারেন্স নম্বর চাইলে আপনার মোবাইল নম্বরটি লিখে দিন। Finally আপনার Pin Number দিন। অতপর আবেদনপত্রের Payment of Application Fee অংশে Payment Method –এ bKash সিলেক্ট করে Transaction Details -এ bKash থেকে এসএমএসের মাধ্যমে পাওয়া Transaction নম্বরটি লিখে Submit করুন।
- ACFD, IIUC:** সরাসরি কুমিরা ক্যাম্পাসে এসে IIUC এর Accounts & Finance Division এ নগদ ১০০০ টাকা জমা দিয়ে আবেদনপত্রের Payment of Application Fee অংশে Payment Method -এ Cash সিলেক্ট করে Transaction Details-এ Money Receipt No. এবং Date লিখে Submit করুন।

৫। প্রবেশপত্র ও আবেদনপত্র প্রিন্ট:

Submit করা সম্পন্ন হলে আবেদনকারীর মোবাইল নম্বরে একটি এসএমএস যাবে। আবেদনকারীর মোবাইল নম্বর এবং এসএমএসের মাধ্যমে প্রাপ্ত Password ব্যবহার করে home page এ গিয়ে Admit Card ও Admission Form প্রিন্ট করুন এবং সংরক্ষণ করুন।

- ভর্তি পরীক্ষার নির্দেশিকা:** পরীক্ষার দিন প্রিন্ট করা Admit Card এবং Admission Form এর সাথে SSC ও HSC ট্রান্সক্রিপ্টের ফটোকপি সংযুক্ত করে নিয়ে আসতে হবে।

বিঃ দ্রঃ পরীক্ষার দিন সকালে চট্টগ্রাম শহরের বিভিন্ন পয়েন্ট থেকে পরীক্ষার্থীদের যাতায়াতের জন্য গাড়ীর ব্যবস্থা থাকে। পরীক্ষার আগের দিন আবেদনকারীর মোবাইল নম্বরে এসএমএম এর মাধ্যমে তা জানিয়ে দেওয়া হবে।